

আলাহর রহমত থেকে নিরাশ হয়ো না

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে " আলাহর রহমত থেকে নিরাশ হয়ো না" ।

আয যুমার ৩৯ নং সূরা । এই সুরায় ৭৫টি আয়াত রয়েছে । এটি মক্কায় অবতীর্ণ হয়েছে । এই সুরার ৭১ নং আয়াতে বলা হয়েছেঃ 'যারা কুফরি করছে তাদেরকে দলে দলে (زُمَرًا) হাঁকিয়ে নিয়ে যাওয়া হবে জাহান্নামের অভিমুখে' । ৭৩ নং আয়াতে বলা হয়েছেঃ যারা তাদের প্রভুর অবাধ্য হওয়া থেকে আত্মরক্ষা করে জীবন যাপন করেছে তাদেরকে দলে দলে (زُمَرًا) নিয়ে যাওয়া হবে জান্নাতের অভিমুখে । যুমার শব্দের অর্থ দলে দলে ।

সূরা ৩৯ আয যুমারের ৫৩ নং আয়াতে আলাহ্ ইরশাদ করেনঃ "তোমরা আলাহর রহমত থেকে নিরাশ হয়ো না" ।

قُلْ يُعْبَادِي الَّذِينَ أَسْرَفُوا عَلَىٰ أَنفُسِهِمْ لَا تَقْنَطُوا مِن رَّحْمَةِ اللَّهِ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ ﴿٥٣﴾

বল, 'হে আমার বান্দাগণ! তোমরা যাহারা নিজেদের প্রতি অবিচার করিয়াছ আলাহর অনুগ্রহ হইতে নিরাশ হইও না; আলাহ্ সমুদয় পাপ ক্ষমা করিয়া দিবেন । তিনি তো ক্ষমাশীল, পরম দয়ালু ।' সূরা আয যুমার- আয়াত নং ৩৯ঃ ৫৩

وَأَنبِئُوا إِلَىٰ رَبِّكُمْ وَأَسْلِمُوا لَهُ مِن قَبْلِ أَن يَأْتِيَكُمُ الْعَذَابُ ثُمَّ لَا تُنصَرُونَ ﴿٥٤﴾

তোমরা তোমাদের প্রতিপালকের অভিমুখী হও এবং তাঁহার নিকট আত্মসমর্পণ কর তোমাদের নিকট শাস্তি আসিবার পূর্বে; তৎপর তোমাদেরকে সাহায্য করা হইবে না । সূরা আয যুমার- আয়াত নং ৩৯ঃ ৫৪

وَاتَّبِعُوا أَحْسَنَ مَا أُنزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَكُمُ الْعَذَابُ بَغْتَةً وَأَنْتُمْ لَا تَشْعُرُونَ ﴿٥٥﴾

অনুসরণ কর তোমাদের প্রতি তোমাদের প্রতিপালকের নিকট হইতে উত্তম যাহা অবতীর্ণ করা হইয়াছে তাহার, তোমাদের উপর অতর্কিতভাবে তোমাদের অজ্ঞাতসারে শাস্তি আসিবার পূর্বে-। সূরা আয যুমার- আয়াত নং ৩৯ঃ ৫৫

أَنْ تَقُولَ نَفْسٌ يُحَسِّرَتَا عَلَىٰ مَا فَرَّطْتُ فِي جَنْبِ اللَّهِ وَإِنْ كُنْتُ لَمِنَ السَّآخِرِينَ ﴿٥٦﴾

যাহাতে কাহাকেও বলিতে না হয়, 'হায়! আলাহ প্রতি আমার কর্তব্যে আমি যে শৈথিল্য করিয়াছি তাহার জন্য আফসোস! আমি তো ঠাটাকারীদের অন্তর্ভুক্ত ছিলাম।' সূরা আয যুমার- আয়াত নং ৩৯ঃ ৫৬

أَوْ تَقُولَ لَوْ أَنَّ اللَّهَ هَدَانِي لَكُنْتُ مِنَ الْمُتَّقِينَ ﴿٥٧﴾

অথবা কেহ যেন না বলে, আলাহ আমাকে পথপ্রদর্শন করিলে আমি তো অবশ্যই মুক্তাকীদের অন্তর্ভুক্ত হইতাম।' সূরা আয যুমার- আয়াত নং ৩৯ঃ ৫৭

أَوْ تَقُولَ حِينَ تَرَى الْعَذَابَ لَوْ أَنَّ لِي كَرَّةً فَأَكُونَ مِنَ الْمُحْسِنِينَ ﴿٥٨﴾

অথবা শাস্তিপ্রত্যক্ষ করিলে যেন কাহাকেও বলিতে না হয়, 'আহা, যদি একবার পৃথিবীতে আমার প্রত্যাবর্তন ঘটিত তবে আমি সৎকর্মপরায়ণ হইতাম!' সূরা আয যুমার- আয়াত নং ৩৯ঃ ৫৮

بَلَىٰ قَدْ جَاءَتْكَ آيَاتِي فَكَذَّبْتَ بِهَا وَاسْتَكْبَرْتَ وَكُنْتَ مِنَ الْكَافِرِينَ ﴿٥٩﴾

কৃত ব্যাপার তো এই যে, আমার নিদর্শন তোমার নিকট আসিয়াছিল, কিন্তু তুমি এইগুলিকে মিথ্যা বলিয়াছিলে ও অহংকার করিয়াছিলে; আর তুমি তো ছিলে কাফিরদের একজন। সূরা আয যুমার- আয়াত নং ৩৯ঃ ৫৯

وَيَوْمَ الْقِيَامَةِ تَرَى الَّذِينَ كَذَبُوا عَلَى اللَّهِ وُجُوهُهُم مُّسْوَدَّةٌ أَلَيْسَ فِي جَهَنَّمَ مَثْوًى
لِّلْمُتَكَبِّرِينَ ﴿٦٠﴾

যাহারা আলাহর প্রতি মিথ্যা আরোপ করে, তুমি কিয়ামতের দিন তাহাদের মুখ কালো দেখিবে।
উদ্ধতদের আবাসস্থল কি জাহান্নাম নয়? সূরা আয যুমার- আয়াত নং ৩৯ঃ ৬০

وَيُجِبِّي اللَّهُ الَّذِينَ اتَّقَوْا بِمَفَازَتِهِمْ لَا يَمَسُّهُمُ السُّوءُ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٦١﴾

আলাহ মুত্তাকীদেরকে উদ্ধার করিবেন তাহাদের সাফল্যসহ; তাহাদেরকে অমঙ্গল স্পর্শ করিবে না
এবং তাহারা দুঃখিতও হইবে না। সূরা আয যুমার- আয়াত নং ৩৯ঃ ৬১

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, সারা পৃথিবী এখন "বিশ্বমহামারি" অতিক্রম করছে। করোনা ভাইরাস
কোভিড-১৯ এর ভয়ে সারা পৃথিবীর মানবসমাজ আজ ভীত সন্ত্রস্ত। ব্যবসা-বানিজ্য সহ সমস্ত কার্যক্রম
স্থবির হয়ে পড়েছে। সমাজ আজ চরম দুর্ভিক্ষাবস্থার দারপ্রান্তে। অনিশ্চিত ভবিষ্যত। মৃত্যু অতি
নিকটে।

আসুন, আমরা সচেতন হই, মৃত্যু পরবর্তী জীবনের জন্যে পাথের সংগ্রহ করি। কোরআন সুন্নাহ
মোতাবেক জীবন যাপন করি। হানাহানি, দুর্নীতি মুক্ত করি এ সমাজকে।

হে আলাহ্, আমাদেরও কৃতকর্মের জন্যই আজ এই দুর্যোগ। তোমার কাছে তাওবা করছি, ক্ষমা চাচ্ছি
মেহেরবানী করে আমাদেরকে ক্ষমা করে দাও এবং বিশ্ববাসীকে এই মহামারী থেকে মুক্ত করো।

আমিন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

অনুরোধঃ এই আয়াতগুলো বার বার তেলাওয়াত করে অর্থ অনুধাবন করার চেষ্টা করুন। যারা
তেলাওয়াত করতে পারেন না, তারা অনলাইনে তেলাওয়াত শুনুন এবং বার বার অর্থগুলো পড়ুন।